# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ............................ তারিখ ঃ .......................

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
ক্ষেতলাল পাইলট মডেল উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাকঘর ও উপজেলা- ক্ষেতলাল, জেলা- জয়পুরহাট

**বিষয় : <u>অনুমোদিত এডহক কমিটি স্থগিত করণ প্রসঙ্গে।</u>**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিয়মিত গভর্ণিং বডি অনুমোদনের লক্ষ্যে আবেদন করা হলে আবেদনটি আইনানুগভাবে সঠিক হয়নি মর্মে অভিযোগ উত্থাপিত হয়। উক্ত অভিযোগের সত্যতা যাচায়ের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জয়পুরহাট-কে তদন্তের দায়িত্ব অর্পন করা হয়। কিন্তু অদ্যাবধি কোন তদন্ত প্রতিবেদন অত্র দপ্তরে পৌছেনি। পরবর্তীতে কলেজের বৃহত্তর স্বার্থে একটি এডহক কমিটির অনুমোদন দেয়া হয় যার স্মারক নম্বর-৩/কল/বগ/১৩৫২/৭৬০, তারিখ-২৩/০১/২০১৮ ইং। বর্তমানে কিছু আইনী জটিলতার কারণে উল্লেখিত এডহক কমিটি স্থগিত করা হলো। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মহোদয়ের তদন্ত প্রতিবেদন পাওয়ার পরে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(প্রফেসর মোঃ আকবর হোসেন)
আই.ডি. নম্বর-৪৩৫৫
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

স্মারক নম্বর ৩/কল/বগ/১৩৫২/৮৮৫ তারিখ ঃ ৬/৬/১৮

<u>অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল ঃ</u>

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২। জেলা প্রশাসক, জয়পুরহাট
৩। উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট
৪। জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট
৫। সভাপতি (সাবেক), এডহক কমিটি
ক্ষেতলাল পাইলট মডেল উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাকঘর ও উপজেলা-ক্ষেতলাল, জেলা-জয়পুরহাট

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ৬/৫৩/সমাইপত্র-১৮(অংশ)/৬৬৮ তারিখ ৬/৬/২৪

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ (সংশ্লিষ্ট কলেজ)

বিষয় : সতর্কীকরণ পত্র প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহে অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ এবং বিদ্যমান গভর্নিং বডির মধ্যে তিক্ততাপূর্ণ সম্পর্ক বিরাজমান থাকায় মামলা-মোকদ্দমা চলছে এবং কলেজগুলোতে শিক্ষার স্বাভাবিক পরিবেশ বাধাগ্রস্থ হচ্ছে। এতে বাংলাদেশ সরকার, শিক্ষা মন্ত্রণালয় এবং অত্র শিক্ষা বোর্ড বিব্রতকর অবস্থায় রয়েছে। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকল পক্ষকে নিজেদের মধ্যে বিরোধ মিটিয়ে শিক্ষার স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনার জন্য পরামর্শ দেয়া হলো। অন্যথায়, প্রতিষ্ঠানগুলোর পাঠদান/স্বীকৃতি প্রত্যাহার সহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা নেয়া হতে পারে।

<u>প্রতিষ্ঠান সমূহ নিম্নরুপ:</u>

১। দারুশা কলেজ, পবা, রাজশাহী
২। কাছিকাটা স্কুল ও কলেজ, গুরুদাসপুর, নাটোর
৩। শহীদ জিয়া মডেল কলেজ, গাবতলী, বগুড়া
৪। জালাল উদ্দিন আহমেদ কলেজ, আদমদীঘি, বগুড়া
৫। জামুন্না পল্লী বন্ধু স্কুল ও কলেজ, শাহজাহানপুর, বগুড়া
৬। ক্ষেতলাল পাইলট মডেল উচ্চ বিদ্যালয় ও কলেজ, ক্ষেতলাল, জয়পুরহাট
৭। ক্ষেতলাল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, ক্ষেতলাল, জয়পুরহাট

০৬/০৬/২৪

(প্রফেসর মো: আকবর হোসেন)
আই.ডি. নম্বর-৪৩৫৫
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

জ:-০০১

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ২/৫৯/পাস/১২৩৪/৭১ তারিখঃ ৫/৬/১৮

বিষয় : মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রীট মামলা নং- ৮৫৪৬/১৭ এর বিপরীতে প্রদত্ত নির্দেশনা মোতাবেক প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

সূত্র : অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার গত ০৪/০৩/২০১৮ ইং তারিখের মতামত এবং জেলা প্রশাসক, পাবনা মহোদয়ের শিক্ষা ও কল্যাণ শাখার গত ০৮/১০/২০১৭ ইং তারিখের ৫২৬ নং স্মারক পত্র মোতাবেক প্রেরিত তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার সুজানগর উপজেলাধীন সুজানগর পাইলট উচ্চ বিদ্যালয়টিকে ২০১২ সালে কলেজে রুপান্তরিত করা হয়। গত ০৫/০৭/২০১২ ইং তারিখে প্রতিষ্ঠানটিকে উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাদশ শ্রেণি খোলার প্রাথমিক অনুমতি দেয়া হয়। তৎকালীন ম্যানেজিং কমিটি কর্তৃক ১৩ জন শিক্ষক ও কর্মচারী কলেজ শাখায় নিয়োগ প্রাপ্ত হন। বিদ্যমান ম্যানেজিং কমিটির মেয়াদ শেষ হলে গত ০৭/১০/২০১৩ ইং তারিখে অত্র দপ্তর প্রতিষ্ঠানটির গভর্ণিং বডি অনুমোদন করে। প্রদত্ত গভর্নিং বডির মেয়াদ অন্তে নতুন গভর্নিং বডি গঠন সংক্রান্ত বিষয়ে কোন আবেদন অদ্যাবধি পাওয়া যায়নি। পরবর্তীতে ২০১৫ সালে অত্র কলেজ হতে ৩১ জন পরীক্ষার্থী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ নিয়ে ২৬ জন পাশ করে। অনুরূপভাবে ২০১৬ সালে ৪৫ জনের মধ্যে ৩৮ জন এবং ২০১৭ সালে ৪১ জনের মধ্যে ৩৪ জন উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়। ২০১৮ সালে অনুষ্ঠিতব্য পরীক্ষার্থীর সংখ্যা ৩৩ জন। এছাড়াও ২০১৭-১৮ শিক্ষাবর্ষে কলেজটিতে কিছু সংখ্যক ছাত্র/ছাত্রী ভর্তি হয়েছে। এদিকে কলেজ শাখার কয়েকজন শিক্ষককে জোর পূর্বক পদত্যাগ করানো হয়েছে মর্মে গত ২৫/০১/২০১৭ ইং তারিখে সুজানগর থানার সাধারণ ডায়েরী নং ১৩২৫-এ উল্লেখ রয়েছে।

এমতাবস্থায়, অত্র দপ্তরের নথিপত্র দৃষ্টে প্রতিয়মান হয়, প্রতিষ্ঠানটির কলেজ শাখার স্বাভাবিক কার্যক্রম চলমান না থাকলেও কলেজ কোড নং- ৩৪০৩ এবং EIIN NO: ১২৫৭৫৪ এখনো বহাল আছে। তবে প্রধান শিক্ষকের অনিহার কারণে কলেজ শাখার স্বাভাবিক কার্যক্রম ব্যহত হচ্ছে মর্মে অভিযোগ পাওয়া গেছে।

বিষয়টি মহামান্য হাইকোর্টের সদয় অবগতির জন্য প্রেরিত হলো।

সংযুক্তি :

১। জেলা প্রশাসক, পাবনা এর তদন্ত প্রতিবেদন

২। সুজানগর থানার সাধারন ডায়েরী

৩। পেপার কাটিং

০৫/০৬/১৮

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।

৫/৬/১৮ ৫/৬/১৮

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ........................................ তারিখ ................................

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
গুজিয়া গার্লস স্কুল এন্ড কলেজ
ডাক-গুজিয়া, উপজেলা-শিবগঞ্জ, জেলা-বগুড়া

**বিষয় : এডহক কমিটি অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র : অধ্যক্ষের আবেদনের তারিখ-২৭/০২/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ১৬ জুন ২০০৯ তারিখের এস.আর.ও নম্বর-১৫৬/আইন/২০০৯ Intermediate and Secondary Education Ordinance 1961 (E.P.Ord. No.xxx111 of 1961) এর Section 39-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকারের পূর্বানুমোদনক্রমে, প্রণয়নকৃত প্রবিধানমালা ২০০৯ এর ৩৯ বিধি অনুসারে পূর্ণাঙ্গ গভর্ণিং বডি গঠনের লক্ষ্যে এই পত্র ইস্যুর তারিখ হতে ০৬ (ছয়) মাস মেয়াদে নিম্নলিখিত ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত এডহক কমিটি অনুমোদন করা হ'ল।

| | | |
|---|---|---|
| ১। | মো: আব্দুর রাজ্জাক | সভাপতি (বোর্ড কর্তৃক মনোনীত) |
| ২। | অধ্যক্ষ, গুজিয়া গার্লস স্কুল এন্ড কলেজ | সদস্য সচিব (পদাধিকার বলে) |
| ৩। | মো: মোখলেছার রহমান | অভিভাবক সদস্য(জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) |
| ৪। | বিলাস চন্দ্র মন্ডল | শিক্ষক প্রতিনিধি(জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত) |

(প্রফেসর মো: আকবর হোসেন)
আই.ডি. নম্বর-৪৩৫৫
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ৩ কলে/বগু/১৫৭৪/৮৪৭ তারিখ ৬/৬/১৮

<u>অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :-</u>

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ
২। জেলা প্রশাসক, বগুড়া
৩। উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়া
৪। জেলা শিক্ষা অফিসার, বগুড়া
৫। সভাপতি, এডহক কমিটি
গুজিয়া গার্লস স্কুল এন্ড কলেজ
ডাক-গুজিয়া, উপজেলা-শিবগঞ্জ, জেলা-বগুড়া

০৬/০৬/১৮
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন: ০৭২১-৭৭৫৯৬৩ (অফিস)

e:cs/rd\b\adc_01

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ........................................ তারিখ ...............................

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
বেতিল বহুমুখী উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাক-বেতিলহাট খোলা, উপজেলা-চৌহালী, জেলা-সিরাজগঞ্জ

বিষয় : মৃত্যু জনিত কারণে সৃষ্ট শুন্য পদে সভাপতি মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র : অধ্যক্ষের ২২/০২/২০১৮ তারিখের আবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আপনার কলেজের গভর্নিং বডির সভাপতি মো: ওমর ফারুক গত ১৮/০২/২০১৮ তারিখে মৃত্য বরন করায় পদটি শুন্য হয়। গভর্নিং বডির ২২/০২/২০১৮ তারিখের সিদ্ধান্তের প্রেক্ষিতে অবশিষ্ট মেয়াদ কালের জন্য আলহাজ্ব শেখ আব্দুস সালাম, পিতা-মৃত বয়াত আলী কে উক্ত শুন্য পদে সভাপতি মনোনয়ন দেয়া হ'ল।

(প্রফেসর মো: আকবর হোসেন)
আই.ডি. নম্বর-৪৩৫৫
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ২৮৫০/কাগ/২৮০২/৮৪৭ তারিখ ৬/৭/১৮

অবগতি ও কার্যার্থে ঃ

১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
২। উপজেলা নির্বাহী অফিসার, চৌহালী, সিরাজগঞ্জ
৩। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ
৪। সভাপতি, গভর্নিং বডি
বেতিল বহুমুখী উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাক-বেতিলহাট খোলা, উপজেলা-চৌহালী, জেলা-সিরাজগঞ্জ

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

e:cs_sova: por:-03

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ...........................................  তারিখঃ ............................

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : মোঃ আশরাফুল ইসলাম
অধ্যক্ষ, জোড়গাছা মডেল মহিলা কলেজ
ডাক-জোড়গাছা,উপজেলা-সারিয়াকান্দি, জেলা-বগুড়া

বিষয় : আইনী মতামত অবহিত করণ প্রসঙ্গে।

সূত্র : অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত প্রদানের তারিখ-০১/০৩/২০১৮ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিদের্শক্রমে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রীট মামালা নং-৩২৪৪/১৭ এর বিপরীতে বর্তমানে কোন স্থগিতাদেশ না থাকায় অত্র দপ্তরের স্মারক নম্বর- ০৩/কল/বগ/১২২৪/৪৭৯, তারিখ-২৭/০২/২০১৭ইং মোতাবেক প্রেরিত পত্রের কার্যকারিতা বহাল থাকবে।

(প্রফেসর মোঃ আকবর হোসেন)
আই.ডি. নম্বর-৪৩৫৫
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ...........................................  তারিখঃ ............................

অবগতি ও কার্যার্থে :

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২। জেলা প্রশাসক, বগুড়া
৩। উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্দি, বগুড়া
৪। জেলা শিক্ষা অফিসার, বগুড়া
৫। মোঃ জুলফিকার আলী রায়হান
শিক্ষক (রসায়ন)
জোড়গাছা মডেল মহিলা কলেজ
ডাক-জোড়গাছা,উপজেলা-সারিয়াকান্দি, জেলা-বগুড়া

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ............................ তারিখ ঃ .......................

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
ডাক ও জেলা- জয়পুরহাট

**বিষয় : <u>তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।</u>**

সূত্র : অত্র দপ্তরের স্মারক নম্বর-৩/কল/বগ/১৩৫২/৫৬, তারিখ ৩১/১০/২০১৭ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জয়পুরহাট জেলার ক্ষেতলাল উপজেলাধীন ক্ষেতলাল পাইলট মডেল উচ্চ বিদ্যালয় ও কলেজের দাখিলকৃত গভর্ণিং বডির বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হলে উল্লেখিত স্মারক ও তারিখ মোতাবেক প্রেরিত পত্রের মাধ্যমে আপনাকে তদন্তের দায়িত্ব প্রদান করা হয়। কিন্তু অদ্যাবধি উক্ত তদন্ত প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করা হয় নাই। এমতাবস্থায়, অভিযোগসমূহ সরেজমিনে তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য আপনাকে পুনরায় অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ বিষয়টি অতিব জরুরী

(প্রফেসর মোঃ আকবর হোসেন)
আই.ডি. নম্বর-৪৩৫৫
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

স্মারক নম্বর ৩/কল/বগ/১৩৫২/৬৪৮ তারিখ ঃ ৮/৩/১৮

<u>অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল ঃ</u>

১। অধ্যক্ষ, ক্ষেতলাল পাইলট মডেল উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাকঘর ও উপজেলা- ক্ষেতলাল, জেলা- জয়পুরহাট

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ........................................ তারিখ ................................

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
চারঘাট আলহাজ্ব এম,এ, হাদী কলেজ
ডাক: ও উপজেলা: চারঘাট, জেলা: রাজশাহী

বিষয় : জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংবিধি ১৯৯৩ মোতাবেক গভর্ণিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন প্রসঙ্গে

সূত্র : অধ্যক্ষের আবেদনের তারিখ: ১৮/০১/২০১৮

কর্তৃপক্ষের নির্দেশক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী কলেজ সমূহের কমিটি গঠন সংক্রান্ত সংবিধি ১৯৯৩ এর ৪(২) (।।।) (গ) ধারা মোতাবেক আপনার কলেজের গঠিত গভর্ণিং বডিতে অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের পক্ষ হতে বিদ্যোৎসাহী সদস্য হিসাবে মোঃ রেজাউল করিম, পিতা: মোঃ লুৎফর রহমান কে মনোনয়ন প্রদান করা হ'ল।

(প্রফেসর মোঃ আকবর হোসেন)
আই.ডি. নম্বর-৪৩৫৫
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ........................................ তারিখ ................................

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

১. মোঃ রেজাউল করিম, বিদ্যোৎসাহী সদস্য
চারঘাট আলহাজ্ব এম,এ, হাদী কলেজ
ডাক: ও উপজেলা: চারঘাট, জেলা: রাজশাহী

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী